রাজশাহী সিটি কর্পোরেশন
রাজশাহী
সাধারণ প্রশাসনিক শাখা
erajshahi.portal.gov.bd

রাসিক কল সেন্টার
হেল্পলাইন নম্বর ১৬১০৫

# রাজশাহী সিটি কর্পোরেশনের নৈতিকতা কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ ড. এ.বি.এম শরীফ উদ্দিন, প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
স্থান ঃ প্রধান নির্বাহী কর্মকর্তা'র দপ্তর কক্ষ , রাজশাহী সিটি কর্পোরেশন।
তারিখ ঃ ২২ ফেব্রুয়ারি, ২০২৪ বৃহস্পতিবার।
সময় ঃ বিকাল ০৩:০০ ঘটিকায়।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বক্তব্যের শুরুতে বলেন যে, শুদ্ধাচার বলতে সাধারণভাবে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষকে বুঝায়। এর দ্বারা একটি সমাজের কালোত্তীর্ণ মানদন্ড, নীতি ও প্রথার প্রতি আনুগত্যও বুঝানো হয়। ব্যক্তি পর্যায়ে এর অর্থ হলো কর্তব্যনিষ্ঠ ও সততা তথা চরিত্রনিষ্ঠা। জাতীয় শুদ্ধাচার কৌশল দলিলটিতে শুদ্ধাচারের এই অর্থই গ্রহণ করা হয়েছে। দায়িত্ব পালনের ক্ষেত্রে ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে শুদ্ধাচার চর্চা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে শুদ্ধাচার নিশ্চিতকরণের অন্যতম পূর্বশর্ত হলো ব্যক্তি পর্যায়ে শুদ্ধাচারী হওয়া।

সভাপতির অনুমতিক্রমে সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন ও নৈতিকতা কমিটির সদস্য-সচিব জনাব মোঃ মোবারক হোসেন বিগত ২৩ নভেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোনরুপ সংশোধনীর প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। অতঃপর তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ৩য় কোয়ার্টারের ত্রৈমাসিক কার্যাবলী পালনের বিষয়ে বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন।

**রাজশাহী সিটি কর্পোরেশনের গঠিত নৈতিকতা কমিটির সভার আলোচনা, প্রস্তাব ও গৃহীত সিদ্ধান্তসমূহ ঃ**

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা/প্রস্তাব | গৃহীত সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় তিন মাস অন্তর অন্তর ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। সভায় উপস্থিত রাজশাহী সিটি কর্পোরেশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নগর পরিকল্পনাবিদ জনাব বনি আহসান বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২য় কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে ২য় কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার বিষয়ে একমত পোষণ করা হয়। | ২য় কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ক্রমিক নং- ১.৪ এ প্রতি কোয়ার্টারে শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। আলোচনায় প্রকাশ পায় যে, গত ১১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হতে ডি নথি ও বেসিক কম্পিউটার এর উপর প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে। উক্ত কর্মশালায় কর্পোরেশনের ২৪ জন কর্মকর্তা-কর্মচারী ০৪ টি গ্রুপে বিভক্ত হয়ে প্রশিক্ষণ গ্রহণ করছে। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণে উক্ত প্রশিক্ষণ কর্মশালাটি অর্ন্তভূক্ত করে প্রমানকসমূহ প্রেরণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | ডি নথি ও বেসিক কম্পিউটার এর উপর প্রশিক্ষণ কর্মশালাটি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণে অর্ন্তভূক্ত করে প্রমানকসমূহ প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | সচিব |

১৬

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা/প্রস্তাব | গৃহীত সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৩. | প্রকল্পের পি আই সি সভা আয়োজন। | আলোচনায় প্রকাশ পায় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ক্রমিক নং- ২.৪ এ প্রতি কোয়ার্টারে ১ টি করে পি আই সি সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। পি আই সি সভা আয়োজন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) এর নিকট প্রেরণের জন্য প্রধান প্রকৌশলীকে নির্দেশনা প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | পি আই সি সভা আয়োজন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) এর নিকট প্রেরণের জন্য প্রধান প্রকৌশলীকে নির্দেশনা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী |
| ৪. | নগর বাসীর সুবিধার্থে ১৬১০৫ নাম্বার সম্বলিত কল সেন্টার স্থাপন করে অভিযোগ নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ। | আলোচনায় প্রকাশ পায় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ক্রমিক নং- ৩.৪ এ প্রতি কোয়ার্টারে ২৫০ টি অভিযোগ নিস্পত্তিকরণের নির্দেশনা রয়েছে। অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) এর নিকট প্রেরণের জন্য সহকারী প্রোগ্রামারকে নির্দেশনা প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) এর নিকট প্রেরণের জন্য সহকারী প্রোগ্রামারকে নির্দেশনা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১২.০০০০.০০৩.০৬.৫১৩.১৯ • ৪২২ (১৫)

তারিখ ঃ ২৮ ফাল্গুন ১৪৩০ / ১২ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি কার্যার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আর্কষন : উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-২ শাখা)
২। বিভাগীয় প্রধান .............................. (সকল) রাজশাহী সিটি কর্পোরেশন।
৩। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল, রাজশাহী সিটি কর্পোরেশন।
৪। নগর পরিকল্পনাবিদ, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল, রাজশাহী সিটি কর্পোরেশন।
৫। শাখা প্রধান .............................. (সংশ্লিষ্ট) রাজশাহী সিটি কর্পোরেশন।
৬। মাননীয় মেয়র মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য )
৮। এমআইএস পার্সোনেল, আইসিটি শাখা, রাজশাহী সিটি কর্পোরেশন (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৯। অফিস নথি।

সচিব
ও
সদস্য-সচিব
নৈতিকতা কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন